

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩৮

পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ৪৩. জুতার উপর মাসেহ করা

بَابُ الْمَسْحِ عَلَى النَّعْلَيْنِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّتَنَا يُونُسُ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ عَبْدِ خَيْرٍ قَالَ رَأَيْتُ عَلِيًّا تَوَضَّاً وَمَسَحَ عَلَى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَ كَمَا عَلَى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَ كَمَا عَلَى النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَعَلَ كَمَا رَأَيْتُ مُونِي فَعَلْتُ لَرَأَيْتُ أَنَّ بَاطِنَ الْقَدَمَيْنِ أَحَقُّ بِالْمَسْحِ مِنْ ظَاهِرِهِمَا قَالَ أَبُو مُحَمَّد هَذَا الْحَدِيثُ مَنْسُوخٌ بِقَوْلِهِ تَعَالَى وَامْسَحُوا بِرُءُوسِكُمْ وَأَرْجُلَكُمْ إِلَى الْكَعْبَيْنِ إِسناده صحيح

## বাংলা

৭৩৮. আবদে খায়ের হতে বর্ণিত, তিনি বলেন, আমি আলী রাদ্বিয়াল্লাহু আনহুকে ওযু করতে দেখেছি। আর তিনি জুতার উপর মাসেহ করলেন এবং অনেকখানি জায়গা নিয়ে মাসেহ করলেন। অতঃপর বললেন: আমি যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এরূপ করতে না দেখতাম যেরূপ করতে আমাকে তোমরা দেখলে, তবে অবশ্যই আমি এ মত পোষণ করতাম যে, দু'পায়ের (জুতাদ্বয়ের) উপরের অংশ মাসেহ করার চেয়ে নিচের অংশ মাসেহ করাই তো বরং অধিক সংগত ছিল। (কিন্তু আমি যেহেতু তাঁকে জুতার উপরের অংশ মাসেহ করতে দেখেছি, তাই আমিও জুতার নিচে মাসেহ না করে উপরের অংশই মাসেহ করলাম।)

আবু মুহাম্মদ বলেন: আল্লাহর বাণী: "তোমরা তোমাদের মাথা মাসেহ কর এবং গিঁঠ পর্যন্ত পা ধৌত কর।" সূরা মায়িদাহ : ৬) দ্বারা এ হাদীস রহিত হয়ে গিয়েছে।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বাইহাকী ১/২৯২; আবু দাউদ ১৬২-১৬৪; দারুকুতনী ১/২০৪-২০৫ নং ৪; ইবনু হাযম, আল মুহাল্লা ২/১১১।



হাফিজ (ইবনু হাজার আসকালানী) 'বুলুগুল মারাম' (উস্তাদ যুহাইরী কৃর্তৃক তাহকীরুকৃত) নং ৬০-এ বলেন: "এটি আবু দাউদ হাসান সনদে বর্ণনা করেছেন।"

তিনি তালখীসুল হাবীর ১/১৬০ এ বলেন: এটি আবু দাউদ বর্ণনা করেছেন, এর সনদ সহীহ।' আরও দেখুন, দিরায়াহ ১/৮০; নাইলুল আওতার ১/২৩১-২৩২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদু খায়ের (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন